“বাঙালিদের অস্তিত্বের জানান দেওয়াই ছিলো ২১শে ফেব্রুয়ারি”……. এমপি সাগর

মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য ডাক্তার আবু সালেহ মোহাম্মদ নাজমুল হক সাগর বলেন, একুশে ফেব্রুয়ারি শুধু একটি আন্দোলন ছিলনা, একুশে ফেব্রুয়ারি ছিলো বাঙালি জাতিসত্তার প্রাথমিক দাবি। বাঙালিদের অস্তিত্বের জানান দেওয়াই ছিলো ২১শে ফেব্রুয়ারি। শুধু ভাষার জন্য নয়, বাঙালিকে বিশ্বের বুকে তুলে ধরতেই ভাষা আন্দোলন শুরু হয়েছিল। তাই ভাষাকে বিকৃত করে নয়, শুদ্ধ ভাষায় বাংলা ভাষা শিখতে হবে।

গাংনী উপজেলা প্রশাসন কর্তৃক মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের পুরুস্কার বিতরণী উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি।

গাংনী উপজেলা নির্বাহী অফিসারের সম্মেলন কক্ষে আজ বুধবার বেলা ১২ টার সময় এই আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহার সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এমএ খালেক, গাংনী পৌরসভার মেয়র ও জেলা আওয়ামী লীগের সদস্য আহমেদ আলী, গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাদির হোসেন শামীম, গাংনী থানার তদন্ত অফিসার মনোজিত কুমার নন্দী।

এছাড়া বক্তব্য রাখেন, তেঁতুলবাড়িয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নাজমুল হুদা বিশ্বাস, গাংনী উপজেলা পরিষদের মহিলা ভাইসচেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, মেহেরপুর জেলা পরিষদের সদস্য শাহানা ইসলাম শান্তনা, গাংনী সরকারি ডিগ্রী কলেজের প্রভাষক নাসির উদ্দিন, গাংনী উপজেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক নুরুজ্জামান পাভেল।

প্রধান অতিথির বক্তব্যে নাজমুল হক সাগর এমপি আরও বলেন, বাঙালি জাতির ইতিহাস, হাজার বছরের। বৃটিশরা ২০০ বছর শাসন ও শোষণ করতে পারলেও আমাদের ভাষা ও সংস্কৃতিকে কেড়ে নিতে পারিন। পাকিস্তানি হানাদার বাহিনী বাঙালির শেষ সম্বল ভাষাটুকুও কেড়ে নিতে চেয়েছিল।

কিন্ত তারা সেটা পারেনি।

তিনি বলেন, শুধু উপজেলা বা জেলা পর্যায়ে ভাষা দিবসের এই আলোচনা সীমাবদ্ধ রাখলে হবেনা। ইউনিয়ন ও গ্রাম পর্যায়ে এর তাৎপর্য ছড়িয়ে দিতে হবে। যাতে ভাষা আন্দোলনের ইতিহাস নতুন প্রজন্মের মধ্যে দেশপ্রেম জাগ্রত করে। আজ বিশ্বজুড়ে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত হচ্ছে। আমরা বাংলা ভাষাকে মাতৃভাষা হিসেবে পেয়েছি। পাকিস্তানি বাহিনী উর্দুকে রাষ্ট্রভাষা করতে চেয়েছিল। কিন্তু আমাদের জাতির পিতাসহ অন্যান্য ভাষা সৈনিকেরা সেদিন তীব্র আন্দোলন করে রক্তের বিনিময়ে বাংলাকে রাষ্ট্রভাষা হিসেবে প্রতিষ্ঠা করেছিলো। এই অর্জন এতো সহজ ছিল না। অনেক ত্যাগ ও রক্তের বিনিময়ে এই অর্জন।বিশ্বের বুকে একমাত্র বাংলাদেশই মাতৃভাষার জন্য আন্দোলন করেছে। ভাষা আন্দোলনের ইতিহাস নতুন প্রজন্মকে জানাতে হবে। ভাষা আন্দোলনের ইতিহাস নতুন প্রজন্মের মধ্যে দেশপ্রেম জাগ্রত করবে।

এমপি সাগর আরও বলেন, নতুন প্রজন্মকে শুদ্ধ বাংলা বলা শেখাতে হবে। ইংলিশ, আরবি ভাষা শিখবে বিশ্বের বুকে দাঁড়াতে। শুদ্ধ বাংলা ভাষা অবশ্যই শিখতে নিজের অস্তিত্বকে টিকিয়ে রাখতে। স্মার্ট বাংলাদেশ গড়তে ও বিশ্বের বুকে টিকে থাকতে ইংরেজি ভাষাও শিখতে হবে। তবে, মাতৃভাষার প্রতি শ্রদ্ধা ও ভালবাসা থাকতে হবে।

প্রধান অতিথি নাজমুল হক সাগর আরও বলেন, যারা বাংলাদেশকে নিজের দেশ মনে করেনা, তারাই বিদেশে টাকা পাচার করে। নিজের দেশের প্রতি প্রেম থাকতে হবে। তারাই ভবিষ্যতে প্রজন্মকে ধ্বংস করতে বাধাগ্রস্ত করছে।

‘আন্তর্জাতিক মাতৃভাষা দিবস’ উপলক্ষে শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা, মহান কবিতা আবৃত্তি, রচনা প্রতিযোগীতায় অংশগ্রহণকারীদের মাঝে পুরস্কার বিতরণ করেন অনুষ্ঠানের প্রধান অতিথি ডাক্তার এএসএম নাজমুল হক সাগর এমপি।